দৈনিক ইত্তেফাক

তারিখ ... 16 APR 1994 ...
পৃষ্ঠা ১ কলাম ৭

53

# বরিশাল মেডিকেলে বোমাবাজি।। গুলী

বরিশাল অফিস ।। শেরে-বাংলা মেডিকেল কলেজ ছাত্রাবাস প্রাঙ্গণে বৃহস্পতিবার ভোর রাত হইতে গতকাল (শুক্রবার) প্রত্যুষ পর্যন্ত তিনটি ছাত্র সংগঠনের বোমাবাজি ও গুলীবর্ষণে শহর প্রকম্পিত হইয়া উঠে।

শতাধিক হাতবোমা ও ২০/২৫ রাউণ্ড গুলি ব্যবহৃত হয়। জানা গিয়াছে ছাত্র শিবিরের একজন কর্মী বৃহস্পতিবার ছাত্রদলে যোগদান করিয়া ছাত্রদল অধ্যুষিত ২ নম্বর ছাত্রাবাসে আশ্রয় নেয়। শিবিরের কর্মীরা রাতে ইহার প্রতিবাদ জানাইলে

(১১শ পৃঃ ১-এর কঃ দ্রঃ)

## বরিশাল মেডিকেলে

(১ম পৃঃ পর)

ছাত্রদলের সহিত তাহাদের তর্কাতর্কি হয়। ফলে হোস্টেল উত্তপ্ত হইয়া উঠে। ছাত্রলীগ (ম-ই) এই সুযোগের সদ্ব্যবহার করে। ছাত্রদলের চাপের মুখে কলেজ কর্তৃপক্ষ ২৪শে এপ্রিল অনুষ্ঠিতব্য ছাত্র সংসদ নির্বাচন স্থগিত করিলে পরিস্থিতির অবনতি ঘটে। ছাত্রলীগ বুধবার অধ্যক্ষের কক্ষে হামলা চালায়। শিবির ছাত্রদলের প্রাক সংঘর্ষ মুহূর্তে ছাত্রলীগ বৃহস্পতিবার রাতে শিবিরের পক্ষে মৌন সম্মতি জানায়। রাত ৪টায় শুরু হয় ছাত্রদলের বিরুদ্ধে শিবির ও ছাত্রলীগের অভিযান। ছাত্রদলও পাল্টা হামলা চালায়। পুলিশ পৌছিলে পরিস্থিতি একটু শান্ত হয়। ছাত্রলীগ আজ (শনিবার) হইতে কলেজে ছাত্র সংসদ নির্বাচনের দাবীতে অবিরাম ছাত্র ধর্মঘট আহ্বান করিয়াছে। এই ধর্মঘট যে কোন মূল্যে সফলের জন্য গতরাতে ছাত্রলীগ ক্যাম্পাসে প্রস্তুতি গ্রহণ করে। পরিস্থিতি এখন বিস্ফোরণোন্মুখ।